যুগান্তর

17 JUL 2016
পৃষ্ঠা ৩১ ... কলাম ৬

# কুষ্টিয়ায় মিশনারি স্কুলে হামলার হুমকি দিয়ে জঙ্গিদের চিঠি

**কুষ্টিয়া প্রতিনিধি**

কুষ্টিয়া শহরের খ্রিস্টান মিশনারি সংস্থা পরিচালিত মিশন মাধ্যমিক স্কুলে জঙ্গি হামলার আশংকায় শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকদের মধ্যে আতংক বিরাজ করছে। বোমা হামলার হুমকি দিয়ে স্কুল কর্তৃপক্ষকে চিঠি দেয়া হয়েছে বলে জানিয়েছেন অভিভাবকরা।

অভিভাবকদের অভিযোগ অস্বীকার করেছে স্কুল কর্তৃপক্ষ। জঙ্গি হামলার আশংকায় অনেক অভিভাবক কোমলমতি শিক্ষার্থীদের স্কুলে পাঠাচ্ছেন না। উদ্ভূত পরিস্থিতিতে প্রধান শিক্ষকের আবেদনের পরিপ্রেক্ষিতে শনিবার দুপুর ১২টা থেকে স্কুলে পুলিশ মোতায়েন করা হয়েছে।

স্কুলের প্রধান শিক্ষক মানিতা মানকিন জানান, কোনো গোষ্ঠী বা ব্যক্তি হুমকি দেয়নি। তবে দেশব্যাপী হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ধর্মাবলম্বী ধর্মীয় যাজক, পুরোহিতসহ তাদের ধর্মীয় ও অন্যান্য প্রতিষ্ঠানে হুমকি এবং অব্যাহত হামলার পরিপ্রেক্ষিতে নিরাপত্তা চেয়ে তিনি পুলিশ সুপার ও কুষ্টিয়া মডেল থানায় লিখিত আবেদন করেন।